



পল্লী সঞ্চয় ব্যাংক

(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল ৮-১০)

৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, ঢাকা-১০০০।

www.pallisanchaybank.gov.bd

শেখ হাসিনাই রূপকার

পল্লী সঞ্চয় ব্যাংক উপহার

সঞ্চয় ও ঋণ বিভাগ

স্মারক নং পসব্য/প্রকা/পরি-৩২/২০২৩-২৪/৯৫০

তারিখ: ২৫/০৪/২০২৪

সকল শাখা ব্যবস্থাপক ও
সকল জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
পল্লী সঞ্চয় ব্যাংক।

বিষয়: মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কীম নীতিমালার আওতায় ঋণ মওকুফের প্রস্তাব প্রেরণ।

প্রিয় মহোদয়,

পল্লী সঞ্চয় ব্যাংকের ২৪/০৩/২০১৯ তারিখের পসব্য/প্রকা/পরি-২৮/২০১৮-১৯/৪৯৬৭ নং স্মারকমূলে মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কীম নীতিমালা জারী করা হয়। পরবর্তীতে ০৮/০৯/২০২০ তারিখের পসব্য/প্রকা/পরি-২৯/২০২০-২১/৭১৫ নং স্মারকমূলে উক্ত নীতিমালা সংশোধন ও কতিপয় তথ্য সংযোজন করা হয়। নীতিমালায় বর্ণিত প্রয়োজনীয় কাগজপত্রসহ মৃত সদস্যের ঋণ মওকুফের প্রস্তাব জেলা (আঞ্চলিক) কার্যালয়ের মাধ্যমে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হয়।

২. সকল শাখার মৃত সদস্যের তথ্য পর্যালোচনায় দেখা যায় মৃত ঋণগ্রহীতার সংখ্যার তুলনায় শাখা হতে আশানুরূপ আবেদন এখনও পাওয়া যাচ্ছে না। ইতিপূর্বে প্রধান কার্যালয়ের ১০/০৯/২০২৩ তারিখের পসব্য/প্রকা/পরি-২৯(১)/২০২৩-২৪/৭২৭ নং স্মারকমূলে সকল জেলা (আঞ্চলিক) কার্যালয় ও শাখাসমূহে ঋণ মওকুফ প্রস্তাবের ফ্রন্ট-বিচ্যুতি সম্পর্কে অবহিত করা হয়। এতদসঙ্গেও প্রধান কার্যালয়ে প্রেরিত প্রস্তাবে অসম্পূর্ণতা ও ফ্রন্ট-বিচ্যুতি পরিলক্ষিত হচ্ছে। ফ্রন্টপূর্ণ আবেদন প্রেরণ করায় ঋণ মওকুফের প্রক্রিয়ায় দীর্ঘসূত্রিতা দেখা দিচ্ছে। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় মৃত ঋণগ্রহীতাদের ঋণ মওকুফের কার্যক্রমটিকে গুরুত্ব দিয়ে অতিদ্রুত সমন্বয়ের নির্দেশ দিয়েছেন।

৩. এমতাবস্থায়, সকল শাখা ব্যবস্থাপককে পূর্বের সকল মৃত ঋণগ্রহীতার (যারা ঋণ গ্রহণকালে মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কীমের তহবিলে চাঁদা প্রদান করেছেন এবং যাদের মৃত্যুর তারিখ ঋণের মেয়াদ উত্তীর্ণের পূর্বে) প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ ঋণ মওকুফ প্রস্তাব আগামী ১০/০৫/২০২৪ তারিখের মধ্যে জেলা (আঞ্চলিক) কার্যালয়ের মাধ্যমে প্রধান কার্যালয়ে প্রেরণ করার নির্দেশ প্রদান করা হলো। উক্ত তারিখের পরে কোন ঋণগ্রহীতা মৃত্যুবরণ করলে দ্রুত মৃত ঋণগ্রহীতার ঋণ মওকুফ প্রস্তাব প্রয়োজনীয় কাগজপত্রসহ প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত

(মো: জালা উদ্দিন)
মহাব্যবস্থাপক

স্মারক নং পসব্য/প্রকা/পরি-৩২/২০২৩-২৪/৯৫০

তারিখ: ২৫/০৪/২০২৪

সদয় অবগতির জন্য প্রেরিত হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার টু উপ-ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। সকল বিভাগ প্রধান, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫। সকল নিরীক্ষা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক।
- ৬। অফিস নথি।

(মো: রুহুল আমিন)
সিনিয়র প্রিন্সিপাল অফিসার